# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৬৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. দ্বিতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

## আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَرْقَمَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: «إِذَا أُقِيمَتِ الصَّلَاةُ وَوَجَدَ أَحَدُكُمُ الْخَلَاءَ فَلْيَبْدَأْ بِالْخَلَاءِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَرَوَى مَالِكٌ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيّ نَحوه

## বাংলা

১০৬৯-[১৮] ’আবদুল্লাহ ইবনু আরক্বাম (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ সালাতের ইক্বামাত(ইকামত/একামত) হয়ে গেলে তখন তোমাদের কারো পায়খানার বেগ ধরলে সে যেন আগে পায়খানা করে নেয়। (তিরমিযী, মালিক, আবূ দাঊদ, নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিযী ১৪২, আবূ দাঊদ ৮৮, দারিমী ১৪৬৭, ইবনু খুযায়মাহ্ ১৬৫২, সহীহ আল জামি‘ ৩৭৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَجَدَ أَحَدُكُمُ الْخَلَاءَ فَلْيَبْدَأْ بِالْخَلَاءِ) ‟তোমাদের কারো ওপর যখন পায়খানার বেগ চেপে বসে সে যেন আগে পায়খানার কাজ সেরে নেয়’’। কেননা পায়খানার চাপ নিয়ে যদি সে সালাতে দাঁড়ায় তাহলে তার খুশু‘ ও একাগ্রতাকে বিনষ্ট করবে। তাই এ ব্যক্তির জন্য জামা‘আত ছেড়ে দেয়া বৈধ। অতএব পায়খানা বা পেশাবের অতিরিক্ত চাপ জামা‘আত ছেড়ে দেয়ার জন্য একটি বৈধ ওযর।

হাদীসের শিক্ষা: পায়খানা, পেশাবের চাপ অনুভবকারী ব্যক্তি সালাতে দাঁড়াবে না। এ অবস্থায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা মাকরূহ। এতে জামা‘আত ছুটে যাওয়ার আশংকা থাক অথবা না থাক। যদিও এ অবস্থায় সালাত আদায় করলে তার সালাত হয়ে যাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55629

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন